



পবনী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)  
প্রধান কার্যালয়, ঢাকা  
বাড়ি ৫, এভিনিউ ৩, হাজী রোড, মিরপুর-২, ঢাকা ১২১৬।  
www.pdbf.gov.bd



অর্থ বিভাগ

স্মারক নং: ৪৭.৬৬.০০০০.০০৯.৭৮.০৬১.০১-৫৮০৫

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪৩০ ব:  
০৭ ডিসেম্বর ২০২৩ খ্রি:

বিষয়: বিভিন্ন অনগদ লেনদেন ও পিডিবিএফ সাধারণ হিসাব সংক্রান্ত লেনদেনের ভাউচার প্রস্তুত/হিসাবভুক্তি প্রসঙ্গে।

- ১) সূত্র: অর্থ ও প্রশাসন/কেহি-২১২/২০০৮/১৮১/১৬৭৬ তারিখ: ১৫-০৪-২০০৮
- ২) সূত্র: অর্থ ও প্রশাসন/কেহি/১৮৮/২০০৫/১১৪/৫১৯ তারিখ: ০২-০২-২০১২
- ৩) সূত্র: ৪৭.০৫.০০০০.০০৮.৩৯.১৮৮.০৫-৮২৬ তারিখ: ০৭-০৩-২০২২

অনগদ লেনদেন হিসাবভুক্তি সংক্রান্ত সূত্র ১) ও ২) নং পত্রে মন্দ ঋণ সঞ্চিতি, অবচয়, বিভিন্ন সঞ্চয়ের সুদ ব্যয় ও পিডিবিএফ সাধারণ হিসাবের সুদ (Fund Cost) হিসাবভুক্তির নির্দেশনা এবং সূত্র ৩) নং পত্রে আন্তঃকার্যালয় লেনদেন সংক্রান্ত নির্দেশনা বিদ্যমান। এ পর্যায়ে মাঠ কার্যালয়ের কাজ সহজীকরণ ও পর্যবেক্ষণের সুবিধার্থে মন্দ ঋণ সঞ্চিতি (LLP), অবচয়, পিডিবিএফ সাধারণ হিসাবের সুদ (Fund Cost) ও বিভিন্ন সঞ্চয়ের সুদ ব্যয় সংক্রান্ত লেনদেন এবং আন্তঃকার্যালয় ব্যবস্থাপনায় সংগঠিত লেনদেন পৃথক করা প্রয়োজন রয়েছে। সে মতে প্রতিমাসে এ সকল অনগদ লেনদেন ও আন্তঃকার্যালয় সংক্রান্ত লেনদেন হিসাবভুক্তির জন্য নির্ধারিত ৫ (পাঁচ) সংখ্যার বিশেষ নম্বরযুক্ত ভিন্ন ভিন্ন ভাউচার প্রস্তুত করতে হবে। ভাউচারে উল্লিখিত পাঁচ সংখ্যার প্রথম ২টি সংখ্যা সংশ্লিষ্ট মাসের ক্রম সংখ্যা এবং পরবর্তী তিনটি সংখ্যা ভাউচারের নির্দিষ্ট ক্রম সংখ্যা নির্দেশ করবে। এ ধারাবাহিকতায় মন্দ ঋণ সঞ্চিতি-১০০, অবচয়-২০০, সঞ্চয়ের সুদ ব্যয়-৩০০, পিডিবিএফ সাধারণ হিসাবে সুদ-৪০০, পিডিবিএফ সাধারণ হিসাব (cash)-৫০০, পিডিবিএফ সাধারণ হিসাব (salary)-৬০০ এ সকল ক্রমধারা সংখ্যা ব্যবহার করে ভাউচার প্রস্তুত করতে হবে। অর্থাৎ, মাসের ক্রম নির্দেশক প্রথম দুই সংখ্যার পর তৃতীয়, চতুর্থ ও পঞ্চম সংখ্যা যথাক্রমে ১০০, ২০০, ৩০০ ৪০০, ৫০০ ও ৬০০ ব্যবহার করতে হবে। উদাহরণ স্বরূপ জুলাই ও আগস্ট মাসের এ সকল ভাউচারের ক্রমসংখ্যা হবে নিম্নরূপ:


ক্রম	হিসাব খাত	জুলাই মাসের ভাউচার নং/ক্রম	আগস্ট মাসের ভাউচার নং/ক্রম	ভাউচার প্রস্তুতকারী কার্যালয়
১	মন্দ ঋণ সঞ্চিতি (LLP)	০৭১০০	০৮১০০	প্রধান কার্যালয়
২	অবচয়	০৭২০০	০৮২০০	সংশ্লিষ্ট কার্যালয়
৩	বিভিন্ন সঞ্চয়ের সুদ ব্যয়	০৭৩০০	০৮৩০০	সংশ্লিষ্ট কার্যালয়
৪	পিডিবিএফ সাধারণ হিসাবের সুদ (Fund Cost)	০৭৪০০	০৮৪০০	প্রধান কার্যালয়
৫	পিডিবিএফ সাধারণ হিসাব (cash)	০৭৫০০	০৮৫০০	সংশ্লিষ্ট কার্যালয়
৬	পিডিবিএফ সাধারণ হিসাব (salary)	০৭৬০০	০৮৬০০	সংশ্লিষ্ট কার্যালয়

ক্রমধারা-১০০ ও ক্রমধারা-৪০০ সংক্রান্ত ভাউচারসমূহ (সারণিতে উল্লিখিত ক্রম-১ ও ৪) প্রধান কার্যালয়ের ডাটা-বেইজের মাধ্যমে প্রস্তুতপূর্বক আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করা হবে। সংশ্লিষ্ট কার্যালয়সমূহকে এ সকল ভাউচার পরীক্ষান্তে হিসাবভুক্তি ও সংরক্ষণ নিশ্চিত করতে হবে। ফলে এখন থেকে এ দুটি অনগদ লেনদেনের ভাউচার মাঠ কার্যালয়ে প্রস্তুতের প্রয়োজন হবে না। তবে অবচয়, বিভিন্ন সঞ্চয়ের সুদ ব্যয়, পিডিবিএফ সাধারণ হিসাব (cash) ও পিডিবিএফ সাধারণ হিসাব (salary) সংক্রান্ত ভাউচার উপরোক্ত নম্বর ধারাবাহিকতায় (সারণিতে উল্লিখিত ক্রম ২, ৩, ৫ ও ৬) যথারীতি সংশ্লিষ্ট

কার্যালয়ে প্রস্তুত ও হিসাবভুক্তি সম্পন্ন করতে হবে। উল্লেখ্য, পিডিবিএফ সাধারণ হিসাব (cash) এর (ক্রমখারা-৫০০) সংশ্লিষ্ট মাসের একাধিক ভাউচারের ক্ষেত্রে ৫০০,৫০১,৫০২ এ ধারাবাহিকতায় ভাউচার প্রস্তুত করা যাবে।

জুলাই ২০২৩ মাস থেকে উক্ত নির্দেশনা কার্যকর করতে হবে। বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল।

যথাযথ কর্তৃপক্ষের সদয় অনুমোদনক্রমে এ পত্র জারী করা হ'ল।

  
১১.১২.২০২৩

মো: শফিকুল ইসলাম

ভারপ্রাপ্ত বিভাগীয় প্রধান, অর্থ

ই-মেইল: pdbffinance@gmail.com

উপপরিচালক (সকল অঞ্চল)

উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা (সকল)

পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন


..... অঞ্চল।

স্মারক নং: ৪৭.৬৬.০০০০.০০৯.৭৮.০৬১.০১- ৫৮০৫

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪৩০ ব:  
০৭ ডিসেম্বর ২০২৩ খ্রি:

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. বিভাগীয় প্রধান (সকল), পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।
২. যুগ্ম পরিচালক /কর্মসূচি পরিচালক (সকল),পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. যুগ্ম পরিচালক (কারিগরি সহায়তা), পিডিবিএফ প্রধান কার্যালয়, ঢাকা। বর্ণিত নির্দেশনা বাস্তবায়নের ক্ষেত্রে প্রয়োজনীয় আইটি সহায়তা প্রদানের অনুরোধসহ।
৪. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. আঞ্চলিক নিরীক্ষা দলনেতা (সকল নিরীক্ষা অঞ্চল), পিডিবিএফ।
৬. নথি রক্ষক, পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা

  
১১.১২.২৩

মো: নূরুল ইসলাম

ভারপ্রাপ্ত উপপরিচালক-হিসাব